# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 JULY 2025** **7:35—7:40 AM IST**

=====================================================

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যে নির্মিয়মান পরিকাঠামোগত প্রকল্পগুলির কাজ সময়মতো সম্পূর্ন করার জন্য কেন্দ্রীয় পরিবহন মন্ত্রকের সহযোগীতা কামনা করেছেন । মুখ্যমন্ত্রী ড্ঃ শর্মা গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী নীতিন গাডকারীর সংগে সাক্ষাৎ করে প্রকল্পগুলির কাজ নির্ধারিত সময়ে ও দক্ষতার সংগে সম্পূর্ন করার জন্য জাতীয় সড়ক মন্ত্রকের সহায়তা কামনা করেন । পরে মূখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান যে এই প্রকল্পগুলি আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা সুদৃঢ করা সহ উত্তর পূর্বাঞ্চলের অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করবে ।

এছাড়া মুখ্যমন্ত্রী ড: শর্মা ষোড়শ অর্থ কমিশনের অধ্যক্ষ অরবিন্দ পানাগারিয়ার সংগে সাক্ষাৎ করে আসামে তহবিল হস্তান্তরের বিষয় নিয়েও আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যে গ্রীষ্মের বন্ধের সময় কোনোধরণের বাধ্যতামূলক ক্লাসের জন্যে বিদ্যালয় শিক্ষা বিভাগ বা সমগ্র শিক্ষা অভিযান কোনো নির্দেশনা জারি করে নি বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু স্পষ্ট করে জানিয়েছেন । তবে বিদ্যালয় পরিচালন সমিতি গ্রীষ্মের বন্ধের সময় স্বেচ্ছায় আগ্রহী শিক্ষকদের দিয়ে বিভিন্ন ক্লাসের পরিপূরক পাঠদান এবং বিনোদনমূলক কার্যকলাপ আয়োজনের পরামর্শ দিয়েছে বলে শিক্ষামন্ত্রী জানান । এর আগেও বিদ্যালয়গুলি এধরণের পদক্ষেপ গ্রহণ করেছে বলে ডাঃ পেগু উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে কাটিগড়া রাজস্ব চক্র এলাকার হারাং নদীর উপর থাকা বাশের সেতু ভেঙ্গে পড়ার ফলে এলাকাটিকে সংবেদনশীল অঞ্চল হিসেবে চিহ্নিত করে নৌকা চলাচলের উপর কঠোর নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এখন থেকে প্রতিদিন সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত নৌকা চলাচল করতে পারবে ।

উল্লেখ্য জনগনের নিরাপত্তা সুনিশ্চিত করতে এবং পরবর্তী দূর্ঘটনা প্রতিরোধ এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নির্দেশ অমান্য করলে দূর্যোগ মোকাবিলা আইন-২০০৫ এর অধীনে আইনী পদক্ষেপ গ্রহন করা হবে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার চা বাগানগুলিতে ওয়েল পাম চাষ সর্ম্পকে জনসচেতনতা বাড়াতে গতকাল জেলা প্রশাসন ও চা বাগান কর্তৃপক্ষের মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় এন এম ই ও পি প্রকল্পের অধীনে চা বাগান এলাকায় অয়েল পাম চাষ ও ভুর্তিকী নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া সভায় জানানো হয় যে আগামী ২০ জুলাই-র মধ্যে চা বাগানের খালি জমি সর্ম্পকে কৃষি বিভাগকে জানাতে হবে এবং আগামী অক্টোবর মাস থেকে পাম চাষ শুরু করা হবে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা বিভাগ হাইলাকান্দির ঐতিহ্যবাহী সরকারি ভিক্টোরিয়া মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বাংলার পাশাপাশি ইংরেজি মাধ্যমে অধ্যয়নের অনুমতি প্রদান করেছে । হাইলাকান্দি জেলার শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায় জানান যে- ১৯০৩ সালে স্থাপিত হাইলাকান্দির এই বিদ্যালয়কে পুনরুজ্জীবিত করতে রাজ্যের শিক্ষা বিভাগ বিদ্যালয়ে বাংলার পাশাপাশি ইংরেজি মাধ্যমেও পাঠদানের সুবিধা করে দিয়েছে । আগামী শিক্ষাবর্ষ থেকে এই বিদ্যালয়ে নতুন সুবিধাটি চালু হবে । রাজ্যের শিক্ষা বিভাগের সচিব মনোরঞ্জন তালুকদার গতকাল এ মর্মে এক নির্দেশ জারি করেছেন ।

শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায় আমাদের সংবাদদাতাকে জানান,

বাইট-------------

--------------------------------------------------------------------------------

রাজ্যের প্রতিটি জেলায় সপ্তাহব্যাপী কার্যসূচীর মধ্য দিয়ে শস্যবীমা সপ্তাহ-২০২৫ অনুষ্ঠিত হচ্ছে । প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার অধীনে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং বীমা কোম্পানির উদ্যোগে কৃষকদের মধ্যে শস্য বীমার বিষয়ে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে চালানো এই অভিযানের অধীনে প্রতিটি কৃষি উন্নয়ন চক্রে গ্রাম

পঞ্চায়েত ভিত্তিতে প্রচার অভিযান চালানো হচ্ছে । এই অভিযানের অধীনে কৃষি বিভাগের আধিকারিকরা কৃষকদের শালিধান, পাট, মাসকলাইর মতো খারিফ শস্যের বীমা সম্পর্কে অবগত করাচ্ছেন । কৃষকরা এই বীমার সুবিধা গ্রহণ করে কিভাবে উপকৃত হতে পারবেন, সেই বিষয়েও আলোকপাত করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক প্রনব কুমার বরা এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আগামী ১৪ই জুলাই থেকে ১৭ই জুলাই পর্য্যন্ত জেলার ১৫টি আঞ্চলিক পঞ্চায়েতে প্রথম সভা অনুষ্ঠিত হবে । এই সভাগুলিতে নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহন এবং আঞ্চলিক পঞ্চায়েতগুলির সভাপতি ও সহ-সভাপতিদের নির্বাচন অনুষ্ঠিত হবে । প্রতিটি সভা সুষ্ঠভাবে পরিচালনার জন্য আধিকারীক নিয়োগ করা হয়েছে এবং সভাগুলি সকাল সাড়ে ১১টা থেকে শুরু হবে বলে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------